



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট

E-mail: gwcsyl@gmail.com, Phone: 0821-714564

www.sgwc.edu.bd, EIIN: 130453



তারিখ: ০১/০৯/২০২১খ্রি:।

“১ম বর্ষ অনার্স ভর্তি বিজ্ঞপ্তি”

সিলেট সরকারি মহিলা কলেজে ২০২০-২০২১শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিচ্ছু ছাত্রীদের মেধার ভিত্তিতে উত্তীর্ণদের ১ম মেধা তালিকা ইতিমধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। উক্ত তালিকায় অনার্স বিষয়প্রাপ্ত ছাত্রীরা ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পিন নম্বর ব্যবহার করে চূড়ান্ত ভর্তির ফরম যথাযথভাবে পূরণ করে A⁴ সাইজে (৮.৫"×১১") অফসেট সাদা কাগজে প্রিন্ট কপি নিয়ে নিম্নলিখিত সময়সূচী মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

অনার্স বিষয় ও কোড	তারিখ	সময়
বাংলা (১০০১), ইংরেজি (১১০১), দর্শন (১৭০১), অর্থনীতি (২২০১)	০৬/০৯/২০২১	১০:০০ টা ২:৩০ টা
রাষ্ট্রবিজ্ঞান (১৯০১), ইতিহাস (১৫০১), সমাজকর্ম (২১০১), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৬০১)	০৭/০৯/২০২১	

১) ডাচ বাংলা ব্যাংক রকেট এর মাধ্যমে = ৩,২২৯/- টাকা এবং স্ব-স্ব অনার্স বিভাগে সেমিনার ফি বাবদ নগদ = ১,৬০০/- টাকা সহ ভর্তি ফরম জমা দিতে হবে।

ভর্তি ফরম ও ভর্তি ফি জমা দেয়ার পদ্ধতি নিম্নরূপ

১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে নির্দিষ্ট দিনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে ভর্তি ফরমপূরণ করে কলেজের নির্ধারিত মোবাইল ব্যাংকিং অপারেটর 'Rocket' এর মাধ্যমে ৩,২২৯/= (তিন হাজার দুইশত উনত্রিশ) টাকা জমা দিতে হবে। মোবাইলে ফিস জমা হলে প্রার্থী ফিরতি মেসেজে প্রাপ্ত R.B নম্বর -যা ভর্তি ফরমের উপর লিখতে হবে। অতঃপর ছাত্রীকে বরাদ্দপ্রাপ্ত অনার্স বিষয়ের বিভাগীয় দপ্তরে গিয়ে মোবাইল মেসেজ প্রদর্শন করে সেমিনার ফি বাবদ নগদ = ১,৬০০/- (এক হাজার ছয়শত টাকা) সহ ভর্তি ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

ভর্তি ফি বাবদ ৩,২২৯/- টাকা Rocket APP-এর মাধ্যমে নিম্নের পদ্ধতি অনুসরণ করে জমা দিতে হবে।

Step – 1 : শিক্ষার্থী নিজে / এজেন্ট এর মাধ্যমে Rocket APP-এ প্রবেশ করবে।

Step – 2: Bill Pay অপশনে ক্লিক করবে।

Step – 3: Biller ID এর জায়গায় 3323 টাইপ করলে Sylhet Govt. Womens College দেখাবে এবং তা সিলেক্ট করতে হবে।

Step – 4: Bill Number এর জায়গায় Student ID (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ভর্তি ফরমের ৭ ডিজিটের Admission Roll Number) এবং ছাত্রী যে বিভাগে ভর্তি হবে সেই বিভাগের SUBJECT CODE এন্ট্রি দিতে হবে।

Step – 5: Pay for এর জায়গায় Self/ other সিলেক্ট করে Amount এর জায়গায় ৩,২২৯/= টাকা টাইপ করে Submit বাটনে ক্লিক করতে হবে।

Step – 6: Rocket App ব্যবহারকারীর Pin নম্বর দিয়ে Confirm বাটনে ক্লিক করতে হবে।


* ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য www.nu.ac.bd/admissions ওয়েব সাইট থেকে জানা যাবে।

২) ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ

- (ক) ২ কপি করে মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরফর্দের ফটোকপি।
(খ) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা মূল নম্বরফর্দ (বিভাগে সংরক্ষণের জন্য)।
(গ) ০৪ কপি পাসপোর্ট ও ২ কপি স্ট্যাম্প সাইজের ছবি। (প্রবেশ পত্রের অনুরূপ)।
(ঘ) আবেদনের মূল প্রবেশপত্র (বিভাগে সংরক্ষণের জন্য)।
(ঙ) নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখে ০১টি বড় (১২"×১৪") খাম।
- ৩) মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন প্রার্থী পূর্ববর্তী শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তি হলে উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ৪) মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন প্রার্থী তার বিষয় পরিবর্তন করতে চাইলে আবেদন ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে YES অপশন সিলেক্ট করতে হবে।
- ৫) বিশেষ কোটায় ভর্তিচ্ছু প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র দেখাতে হবে এবং ফটোকপি প্রদান করতে হবে।
- ৬) সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ছাত্রীদের ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবি (প্রার্থীদের নম্বরফর্দ ও প্রবেশপত্র অনুযায়ী) যাচাই কালে কোন প্রার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে অনতিবিলম্বে বিষয়টি ভর্তি কমিটিকে জানাতে বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ৭) ক্লাস শুরুর তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০২১খ্রিঃ (বুধবার)।

বিহ্বলঃ ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ছাত্রীরা অবশ্যই ১১/০৯/২০২১খ্রিঃ তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

দৃষ্টি আকর্ষণ : ভর্তি সংক্রান্ত কাজে পুরুষ অভিভাবক কলেজ অভ্যন্তরে প্রবেশ করতে পারবেন না।

প্রতি স্বাক্ষর

০১.০৯.২০২১
(প্রফেসর শামীমা আখতার চৌধুরী)
অধ্যক্ষ
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট

N. ৩৩৩.০১.০৭.২০২১
(প্রফেসর নাজমীন ইসলাম চৌধুরী)
আহবায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২১
ও
বিভাগীয় প্রধান, ইংরেজি বিভাগ
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট।

অনুলিপি:

- ০১। উপাধ্যক্ষ মহোদয়, এই কলেজ।
০২। সম্পাদক, শিক্ষক পরিষদ, এই কলেজ।
০৩। বিভাগীয় প্রধান, -----।
০৪। প্রধান সহকারী, এই কলেজ।
০৫। নোটিশ বোর্ড/গার্ড রুম।
০৬। অফিস কপি।

NO MASK, NO SERVICE